সুরের গুরু, দাও গো সুরের দীক্ষা—
মোরা   সুরের কাঙাল, এই আমাদের ভিক্ষা ॥
মন্দাকিনীর ধারা, উষার শুকতারা,
কনকচাঁপা কানে কানে যে সুর পেল শিক্ষা ॥
তোমার সুরে ভরিয়ে নিয়ে চিত্ত
যাব যেথায় বেসুর বাজে নিত্য ।
কোলাহলের বেগে    ঘূর্ণি উঠে জেগে,
নিয়ো তুমি আমার বীণার সেইখানেই পরীক্ষা ॥

---

Parjaay: Puja, Taal: Dadra, Raag: Kafi-Kanara

Visit www.geetabitan.com for notation and other detail